# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২২২

১/ বিবিধ

---

আরবী

عودوا المرضى، ومروهم فليدعوا الله لكم، فإن دعوة المريض مستجابة وذنبه مغفور

موضوع

رواه الثقفي في " الثقفيات " 0 4/27/1) عن سهل بن عمار العتكي: حدثنا
عبد الرحمن بن قيس: حدثنا هلال بن عبد الرحمن: حدثنا عطاء بن أبي ميمونة أبو
معاذ عن أنس بن مالك مرفوعا
قلت: وهذا إسناد موضوع، آفته عبد الرحمن بن قيس - وهو الضبي الزعفراني - أو
سهل بن عمار، أما عبد الرحمن فكذبه ابن مهدي، وقال أبو علي صالح بن محمد
" كان يضع الحديث "
انظر " تاريخ بغداد " (10/251 - 252)
وأما سهل بن عمار، فقال الذهبي في الميزان
متهم، كذبه الحاكم . وقال الحافظ
" وذكره ابن حبان في " الثقات "، وصحح له الحاكم في " المستدرك " وتعقبه
المصنف في " تلخيصه " بالتناقض، وقال ابن منده: كان ضعيفا
وهلال بن عبد الرحمن هو الحنفي، قال الذهبي
" عن ابن المنكدر، قال العقيلي: منكر الحديث، ثم علق له ثلاثة مناكير، وله
عن عطاء بن أبي ميمونة وغيره، الضعف على أحاديثه لائح فيترك

বাংলা

১২২২। তোমরা রোগীর সেবা কর এবং তাদেরকে নির্দেশ দাও যেন এবং তার গুনাহ্ মোচন করা হয়েছে।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি আস-সাকাফী “আস-সাকফীয়াত” গ্রন্থে (৪/২৭/১) সাহল ইবনু আম্মার আল-আতাকী হতে, তিনি আব্দুর রহমান ইবনু কায়েস হতে, তিনি হিলাল ইবনু আবদির রহমান হতে, তিনি আতা ইবনু আবী মায়মূনাহ আবু মুয়ায হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফূ’ হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে আব্দুর রহমান ইবনু কায়েস (তিনি হচ্ছেন যববী জাফরানী) অথবা সাহল ইবনু আম্মার। এ আব্দুর রহমানকে ইবনু মাহদী মিথ্যুক আখ্যা দিয়েছেন। আবু আলী সালেহ ইবনু মুহাম্মাদ তার সম্পর্কে বলেনঃ তিনি হাদীস জাল করতেন। দেখুন “তারীখু বাগদাদ” (১০/২৫১-২৫২)।

আর সাহল ইবনু আম্মার সম্পর্কে হাফিয যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ তিনি মিথ্যা বর্ণনা করার দোষে দোষী, তাকে হাকিম মিথ্যুক আখ্যা দিয়েছেন।

হাফিয ইবনু হাজার আসকালানী বলেনঃ তাকে ইবনু হিব্বান "আস-সিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন। আর "আল-মুসতাদরাক" গ্রন্থে হাকিম তার হাদিসকে সহীহ আখ্যা দিয়েছেন। এ কারণে হাফিয ইবনু হাজার “আত-তালখীস” গ্রন্থে এরূপ স্ববিরোধী (সাংঘর্ষিক) কথা বলার কারণে তার (হাকীমের) সমালোচনা করেছেন। ইবনু মান্দাহ্ বলেছেনঃ তিনি (সাহল) দুর্বল ছিলেন।

আর হিলাল ইবনু আবদির রহমান হচ্ছেন হানাফী। হাফিয যাহাবী ইবনুল মুনকাদিরের উদ্ধৃতিতে বলেনঃ ওকায়লী বলেছেনঃ তিনি মুনকারুল হাদীস। তঃপর তিনি তার তিনটি মুনকার হাদীস উল্লেখ করেছেন ...।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72101

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন